



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৮৮৮৯,
০২২২৩৩৫৮৬৮১

ই-মেইল: dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৬৭২ (২২৫০)

তারিখঃ ০১/১২/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সিজিডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ ২২/১১/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক এর ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ১০ আগস্ট ২০২২ তারিখের সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর মাধ্যমে এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯ জুলাই ২০২২ মোতাবেক প্রবর্তিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় প্রদেয় মেয়াদী ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের লক্ষ্যে এ সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। যা অত্র বিভাগের সার্কুলার লেটার নং- ৩৮৯(১২৫০), তারিখঃ ১৪/০৮/২০২২ মূলে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০৩। সম্প্রতি এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখঃ ৮ নভেম্বর ২০২২ এর মাধ্যমে উৎপাদন, সেবা ও ব্যবসা (Trading) খাতে প্রদত্ত/প্রদেয় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণও পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, উক্ত পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মোট ঋণের ন্যূনতম ৬৫(পঁয়ষট্টি) শতাংশ উৎপাদন ও সেবা খাতে এবং সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করা যাবে মর্মে উক্ত সার্কুলার লেটারে নির্দেশনা প্রদান করা হয়। তবে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫-এ সিএমএসএমই উদ্যোগের শুধুমাত্র উৎপাদনশীল ও সেবা খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করার আবশ্যিকতা দেখা দিয়েছে।

০৪। এক্ষণে, চলমান অর্থনৈতিক পরিস্থিতি এবং ব্যবসা খাতে ঋণের প্রয়োজনীয়তা বিবেচনায় সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণ এবং ব্যবসা খাতে প্রদত্ত/প্রদেয় ঋণের বিপরীতেও ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছেঃ

“৪.৫। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা: বর্ণিত সুবিধা প্রাপ্তির জন্য সিএমএসএমই উদ্যোগ খাতে গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা নিম্নরূপঃ

- (ক) কুটির ও মাইক্রো উদ্যোগের উৎপাদনশীল ও সেবা শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (খ) ক্ষুদ্র উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (গ) মাঝারি উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২ (দুই) কোটি টাকা ; এবং
- (ঘ) মাইক্রো উদ্যোগের ব্যবসা খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোগের ব্যবসা খাতে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা।”

০৫। উল্লিখিত নির্দেশনা ব্যতীত সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

চলমান পাতা-০২


২২৫০

৫৮

বিষয় : কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান প্রসঙ্গে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সিজিডি সার্কুলার লেটার নং-০১, তারিখঃ ২২/১১/২০২২ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। উক্ত সার্কুলারের লেটারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

 (মোহাম্মদ মঈনুল ইসলাম)
 উপমহাব্যবস্থাপক
 ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ১৬৭২(১২৫০)

তারিখঃ ০১/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


 ০১/১২/২০২২
 (মুহাম্মদ মোশাররফ হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

সিজিডি সার্কুলার লেটার নং-০১

২২ নভেম্বর ২০২২

তারিখ : -----

৭ অগ্রহায়ণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার)
কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১০ আগস্ট ২০২২ তারিখে জারিকৃত সিজিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১৯ জুলাই ২০২২ এর মাধ্যমে প্রবর্তিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় মেয়াদী ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের লক্ষ্যে সিজিডি সার্কুলার নং-০২, তারিখ: ১০ আগস্ট ২০২২ এর মাধ্যমে এ সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

৩। সম্প্রতি এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ: ৮ নভেম্বর ২০২২ এর মাধ্যমে উৎপাদন, সেবা ও ব্যবসা (Trading) খাতে প্রদত্ত/প্রদেয় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণও পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মোট ঋণের ন্যূনতম ৬৫(পঁয়ষট্টি) শতাংশ উৎপাদন ও সেবা খাতে এবং সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করা যাবে মর্মে উক্ত সার্কুলার লেটারে নির্দেশনা প্রদান করা হয়। তবে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫-এ সিএমএসএমই উদ্যোগের শুধুমাত্র উৎপাদনশীল ও সেবা খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। ফলে, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭/২০২২ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালায় অন্তর্ভুক্ত করার আবশ্যিকতা দেখা দিয়েছে।

৪। এক্ষণে, চলমান অর্থনৈতিক পরিস্থিতি এবং ব্যবসা খাতে ঋণের প্রয়োজনীয়তা বিবেচনায় সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর আওতায় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণ এবং ব্যবসা খাতে প্রদত্ত/প্রদেয় ঋণের বিপরীতেও ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে, সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অনুচ্ছেদ নং-৪.৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“৪.৫। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির জন্য গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা: বর্ণিত সুবিধা প্রাপ্তির জন্য সিএমএসএমই উদ্যোগ খাতে গ্রাহক পর্যায়ে প্রযোজ্য ঋণসীমা নিম্নরূপ:

- (ক) কুটির ও মাইক্রো উদ্যোগের উৎপাদনশীল ও সেবা শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (খ) ক্ষুদ্র উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা;
- (গ) মাঝারি উদ্যোগের উৎপাদনশীল শিল্প খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা এবং সেবা শিল্প খাতে সর্বনিম্ন ১ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ২ (দুই) কোটি টাকা ; এবং
- (ঘ) মাইক্রো উদ্যোগের ব্যবসা খাতে গ্রাহক পর্যায়ে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোগের ব্যবসা খাতে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকা হতে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা।”

৫। উল্লিখিত নির্দেশনা ব্যতীত সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার হাওলাদার)
পরিচালক (সিজিডি)
ফোন: ৯৫৩০১৭৯